

তারিখঃ ০৮/০১/২০২৬ (পৃষ্ঠাঃ ০৬)



ব্রিতে বেগম খালেদা জিয়ার স্মরণে শোকসভা ও দোয়া মাহফিল

স্টাফ রিপোর্টার, গাজীপুর : সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার স্মরণে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) মিলনায়তনে শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার ব্রির উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে গভীর শ্রদ্ধা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয়।

শোকসভা ও দোয়া মাহফিল আয়োজন কমিটির আহ্বায়ক এবং আরএফএস বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. ইব্রাহিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেদুজ্জামান। তিনি বক্তব্যের শুরুতেই বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। তিনি বলেন, বেগম খালেদা জিয়া ছিলেন একজন সত্যিকারের

দেশপ্রেমিক, দেশের মাটি ও মানুষের প্রতি তাঁর ভালোবাসা এবং উন্নয়নে অবদান জাতি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্সুজান খান। এছাড়া আয়োজন কমিটির সদস্য-সচিব এবং ফলিত গবেষণা বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহাম্মদ হাবিবুর রহমান মুকুলসহ বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক প্রতিনিধিরা স্মৃতিচারণমূলক বক্তব্য দেন।

অনুষ্ঠানে ব্রির বিভিন্ন বিভাগ ও শাখার প্রধান, সক্রিয় সংগঠনের প্রতিনিধি এবং সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। আলোচনা শেষে বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।